গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা ।
( সংস্থাপন শাখা )
www.khulnadiv.gov.bd

২০ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ
তারিখ ---------------------------।
০৪ জানুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ

স্মারক নম্বর-০৫.৪৪.০০০০.০০৫.০৭.০০৩.১৯-০২

## নিয়োগ বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্বৃত্ত কর্মচারী শাখার ০৪-১১-২০২০ তারিখের ০৫.০০.০০০০.১৬৬.১১.০২৭.১৬-২০৭ নং স্মারকে প্রদত্ত ছাড়পত্রের প্রেক্ষিতে বিভাগীয় কমিশনার, খুলনা এঁর কার্যালয়ে শূন্য পদে সরাসরি নিয়োগের নিমিত্ত খুলনা বিভাগের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে ছকে বর্ণিত যোগ্যতার ভিত্তিতে শর্ত সাপেক্ষে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত ফরমে আবেদন আহবান করা যাচ্ছে ।

| ক্র: নং | পদের নাম, বেতন স্কেল ও গ্রেড (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী ) | শূন্য পদের সংখ্যা | যোগ্যতা |
|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ |
| ১ | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড-১৬<br>বেতন স্কেল (৯৩০০-২২৪৯০/-) | ০৮ (আট)টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ,<br>(খ) ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডসিট, প্রেজেন্টেশন এবং বেসিক কম্পিউটার ট্রাবলসুটিং-এ দক্ষতা।<br>(গ) কম্পিউটার টাইপিং এর গতি:<br>(১) বাংলা প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ।<br>(২) ইংরেজি প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ। |

আবেদনের শর্তাবলী :

(০১) প্রার্থীকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশাসন-১ শাখার ২৯-১২-২০১৪ তারিখের ০৫.১১০.০০০০.০০.০০.০৮৯. ১৪-০১ নম্বর স্মারকে প্রনীত নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। উক্ত আবেদন ফরম এ কার্যালয়ের সংস্থাপন শাখায় (বিনা মূল্যে) এবং বিভাগীয় কমিশনার, খুলনা এঁর ওয়েব সাইট **www.khulnadiv.gov.bd** -এ পাওয়া যাবে ।

(০২) প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও অবশ্যই খুলনা বিভাগের স্থায়ী বাসিন্দা হতে হবে এবং আবেদন ফরমে বর্ণিত নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে ।

(০৩) প্রার্থীকে চাকরির নির্ধারিত ফরমে স্বহস্তে আবেদন করতে হবে । আবেদনের সাথে দাখিলকৃত কাগজপত্র ফেরৎ দেয়া হবে না ।

(০৪) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের প্রার্থীগণ জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক চাকরির নির্ধারিত আবেদন ফরমে সভাপতি, বিভাগীয় বাছাই কমিটি, খুলনা ও বিভাগীয় কমিশনার, খুলনা-কে সম্বোধন করে আগামী ১৭/০১/২০২১ খ্রি. তারিখ হতে ১৬/০২/২০২১ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন আবেদনপত্র বিভাগীয় কমিশনার, খুলনা এঁর কার্যালয়ে ডাকযোগে পৌঁছাতে হবে । সরাসরি কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

(০৫) খামের উপর পদের নাম, নিজ জেলার নাম এবং নিজের নাম ঠিকানা এবং বিশেষ কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) উল্লেখ করতে হবে । প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদনপত্রের সাথে নিজের নির্ভুল নাম ঠিকানা সম্বলিত ১০/-(দশ)টাকার অব্যবহৃত ডাকটিকিট লাগানো ০১(এক)টি (১০ইঞ্চি X৪.৫ ইঞ্চি) খাম আবেদনের সাথে অবশ্যই সংযুক্ত করতে হবে।

(০৬) প্রার্থীর বয়সসীমা ১৬/০২/২০২১ খ্রি. তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে । তবে মুক্তিযোদ্ধার সন্তান এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য । বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না ।

(০৭) আবেদন পত্রের সাথে প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (স্পষ্ট নাম ও পদের সিলসহ) নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে :-

(ক) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি রঙ্গিন ছবি ;

(খ) সকল শিক্ষাগত যোগ্যতার মূল/ সাময়িক সনদের ফটোকপি ;

(গ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্রের মূলকপি (সত্যায়নের প্রয়োজন নেই);

(ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরসভার মেয়র/ সিটি কর্পোরেশনের মেয়র/ ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত জাতীয়তা/ নাগরিকত্ব সনদের ফটোকপি;

(ঙ) জাতীয় পরিচয় পত্র/ জন্ম নিবন্ধন সনদ (যে কোন একটি);

(চ) অভিজ্ঞতার সনদ (প্রযোজ্য ক্ষেত্রে);

(ছ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা বা পুত্র-কন্যার পুত্র-কন্যা, মহিলা, এতিম, প্রতিবন্ধী ও উপজাতি এবং আনসার (ভিডিপি) প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সনদ।

(জ) প্রার্থীকে তার কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমানপত্রের সনদ;

(০৮) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের আবেদনকারীগণ ট্রেজারী চালানের মাধ্যমে পরীক্ষা ফি বাবদ কোড নং-১-০৭৪১-০০০০-২০৩১-তে ১০০/-(একশত) টাকা জমা প্রদান করে ট্রেজারি চালানের মূল কপি (১ম) আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। ব্যাংক ড্রাফট/পে অর্ডার/পোষ্টাল অর্ডার গ্রহণযোগ্য নয় ।

(০৯) অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ এবং নির্ধারিত তারিখের অফিস সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে । কর্তৃপক্ষ পদ হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি পরিবর্ধন ও পরিমার্জন, বাতিল করার অধিকার সংরক্ষণ করেন ।

(১০) চাকরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র দাখিল করতে হবে। এক্ষেত্রে অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না ।

(১১) কোন তথ্য গোপন বা ভুল তথ্য প্রদান করে নিয়োগ প্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল এবং তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে ।

(১২) সরাসরি নিয়োগের ক্ষেত্রে প্রার্থীগণ-কে লিখিত, ব্যবহারিক, স্প্রেডসিট, প্রেজেন্টেশন এবং মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে ।

(১৩) মৌখিক পরীক্ষার সময় আবেদনের সাথে দাখিলকৃত কাগজ পত্রের মূল কপি প্রদর্শন করতে হবে ।

(১৪) কোন প্রকার সুপারিশ/ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে । আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে । এ বিষয়ে কোন আপত্তি উথাপন করা যাবে না।

(১৫) লিখিত, ব্যবহারিক, স্প্রেডসিট, প্রেজেন্টেশন এবং মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভাতা প্রদান করা হবে না ।

(১৬) শূন্য পদের সংখ্যা বৃদ্ধি পেলে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে এই বিজ্ঞাপনের বিপরীতে আবেদনকারীগণের মধ্য হতে পূরণ করা হবে।

০৪/০১/২০২১

মো: ইসমাইল হোসেন এনডিসি
বিভাগীয় কমিশনার
খুলনা ।
০৪১-২৮৫০০৩৫ (অফিস)
০৪১-২৮৫০০৩৬ (ফ্যাক্স)
divcomkhulna@mopa.gov.bd

২০ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ

স্মারক নম্বর-০৫.৪৪.০০০০.০০৫.০৭.০০৩.১৯-০২ তারিখ ---------------------------।

০৪ জানুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

(০১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
( দৃষ্টি আকর্ষণ : সিনিয়র সহকারী সচিব, শুদ্ধাচার শাখা )

(০২) সচিব, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

(০৩) সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃষ্টি আকর্ষণ : উপসচিব, প্রশাসন-৩ শাখা / গবেষণা কর্মকর্তা, উদ্বৃত্ত কর্মচারী শাখা

(০৪) সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(০৫) সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(০৬) সচিব, বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন, আগারগাঁও, ঢাকা।

(০৭) অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব/ উন্নয়ন/ সার্বিক), খুলনা

(০৮) পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।

(০৯) উপ-পুলিশ মহাপরিদর্শক, খুলনা রেঞ্জ, খুলনা।

(১০) পুলিশ কমিশনার, খুলনা মেট্রোপলিটন পুলিশ, খুলনা।

(১১) পরিচালক (স্বাস্থ্য), খুলনা বিভাগ, খুলনা।

(১২) জেলা প্রশাসক, খুলনা/ বাগেরহাট/ সাতক্ষীরা/ যশোর/ নড়াইল/ ঝিনাইদহ/ মাগুরা/ কুষ্টিয়া/ চুয়াডাংগা/মেহেরপুর।

(১৩) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, খুলনা/ বাগেরহাট/ সাতক্ষীরা/ যশোর/ নড়াইল/ ঝিনাইদহ/ মাগুরা/ কুষ্টিয়া/ চুয়াডাংগা/ মেহেরপুর।

(১৪) পুলিশ সুপার, খুলনা/ বাগেরহাট/ সাতক্ষীরা/ যশোর/ নড়াইল/ ঝিনাইদহ/ মাগুরা/ কুষ্টিয়া/ চুয়াডাংগা/মেহেরপুর।

(১৫) সিভিল সার্জন, খুলনা/ বাগেরহাট/ সাতক্ষীরা/ যশোর/ নড়াইল/ ঝিনাইদহ/ মাগুরা/ কুষ্টিয়া/ চুয়াডাংগা/মেহেরপুর।

(১৬) বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, খুলনা।

(১৭) উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।

(১৮) বিভাগীয় কমিশনারের একান্ত সচিব, খুলনা।

(১৯) উপ-পরিচালক, বিভাগীয় তথ্য অফিস, খুলনা।

(২০) উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, খুলনা।

(২১) উপ- পরিচালক, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন, আঞ্চলিক কার্যালয়, খালিশপুর, খুলনা।

(২২) সহকারী কমিশনার, আইসিটি, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা (তাকে নিয়োগ বিজ্ঞপ্তিটিসহ জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৯ ডিসেম্বর ২০১৪ তারিখের ০৫.১১০.০০০০.০০.০০.০৮৯.১৪-০১নম্বর পরিপত্রে প্রকাশিত চাকরির আবেদনের মডেল ফরম ওয়েব সাইটের নোটিশ বোর্ডে প্রকাশের অনুরোধ)।

(২৩) সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, খুলনা।

(২৪) সম্পাদক, দৈনিক বাংলাদেশ প্রতিদিন, ঢাকা ( নিয়োগ বিজ্ঞপ্তিটি আগামী ১৫/০১/২০২১ খ্রি. তারিখের মধ্যে তাঁর পত্রিকায় স্বল্প পরিসরে ০১(এক)দিনের জন্য প্রকাশ করে প্রকাশিত পত্রিকার বিজ্ঞপ্তির ০৫(পাঁচ)কপি এবং বিজ্ঞাপন বিল প্রেরণের জন্য অনুরোধ করা হলো) ।

(২৫) সম্পাদক, দৈনিক জন্মভূমি, খুলনা (নিয়োগ বিজ্ঞপ্তিটি আগামী ১৫/০১/২০২১ খ্রি. তারিখের মধ্যে তাঁর পত্রিকায় স্বল্প পরিসরে ০১(এক)দিনের জন্য প্রকাশ করে প্রকাশিত পত্রিকার বিজ্ঞপ্তির ০৫(পাঁচ)কপি এবং বিজ্ঞাপন বিল প্রেরণের জন্য অনুরোধ করা হলো) ।

০৪/০১/২০২১

মো: ইসমাইল হোসেন এনডিসি
বিভাগীয় কমিশনার
খুলনা ।
০৪১-২৮৫০০৩৫ (অফিস)
০৪১-২৮৫০০৩৬ (ফ্যাক্স)
divcomkhulna@mopa.gov.bd

# চাকুরির আবেদন ফরম

৫ × ৫ সে.মি.
(সম্প্রতি তোলা তিন কপি সত্যায়িত ছবি ষ্ট্যাপলার করতে হবে)

বরাবর
. . . . . . . .. . . . . . . . .. . . . .
. . . . . . . . . . . .. . . . .. . . . .।

| | | | |
|---|---|---|---|
| ১. | পদের নাম ঃ | | |
| ২. | বিজ্ঞপ্তি নম্বর ঃ | তারিখঃ | দি ন মা স ব ৎ স র |
| ৩. | প্রার্থীরনাম ঃ | বাংলায় ঃ | |
| | | ইংরেজীতে (বড় অক্ষরে) ঃ | |
| ৪. | জাতীয় পরিচয় নম্বরঃ | | (যে কোন একটি) |
| | জন্ম নিবন্ধন নম্বর ঃ | | |
| ৫. | জন্ম তারিখ ঃ দি ন মা স ব ৎ স র | ৬. জন্মস্থান (জেলা) ঃ | |
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়সঃ | বছর | মাস | দিন |
| ৮. | মাতার নাম ঃ | | |
| ৯. | পিতার নাম ঃ | | |

| | ঠিকানা ঃ | বর্তমান | স্থায়ী |
|---|---|---|---|
| ১০. | বাসা ও সড়ক (নাম/নম্বর) ঃ | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা ঃ | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড ঃ | | |
| | ডাকঘর ঃ | | |
| | পোস্ট কোড নম্বর ঃ | | |
| | উপজেলা ঃ | | |
| | জেলা ঃ | | |

| | | | |
|---|---|---|---|
| ১১. | যোগাযোগ ঃ | মোবাইল/টেলিফোন নম্বর ঃ | ই-মেইল (যদি থাকে) ঃ |
| ১২. | জাতীয়তা ঃ | ১৩. | জেন্ডার ঃ |
| ১৪. | ধর্ম ঃ | ১৫. | পেশা ঃ |

১৬. শিক্ষাগত যোগ্যতা ঃ

| পরীক্ষারনাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | | |
|---|---|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে) ঃ | | |
| ১৮. | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে) ঃ | | |
| ১৯. | কোটা (টিকদিন) ঃ | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যারপুত্র-কন্যা | এতিম/শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী / আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখকরুন) ঃ |
| ২০. | চালান নম্বর ঃ | তারিখ : | |
| | ব্যাংক ও শাখার নাম : | | |
| ২১. | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন) ঃ | হ্যাঁ / না | প্রযোজ্য নয় |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখ ঃ দি ন মা স ব ৎ স র

..........................................
প্রার্থীর স্বাক্ষর